

কমান্ডার খুলনা নেভাল এরিয়া মে ২০১৮ এর কার্যক্রম

সোলাম

১। শব-ই-বরাত উপলক্ষে বিশেষ মোনাজাত। গত ০২ মে ২০১৮ তারিখে অত্র ঘাঁটিতে পবিত্র শব-ই-বরাত উপলক্ষে বাদ এশা বিশেষ মোনাজাতের আয়োজন করা হয়। ঘাঁটির অধিনায়কসহ সকল কর্মকর্তা, নাবিক ও বেসামরিক ব্যক্তিবর্গ উক্ত মোনাজাতে উপস্থিত ছিলেন।



চিত্রঃ পবিত্র শব-ই-বরাত উপলক্ষে বিশেষ মোনাজাত

২। নতুন সংস্কারকৃত বাল্কেটবল গ্রাউন্ডের উদ্বোধন। গত ১২ মে ২০১৮ তারিখে সোলামে নতুন সংস্কারকৃত বাল্কেটবল গ্রাউন্ডের শুভ উদ্বোধন করেন কমান্ডার খুলনা নেভাল এরিয়া কমডোর সামসুল আলম, (জি), এনইউপি, এনডিইউ, পিএসসি, বিএন। বাল্কেটবল গ্রাউন্ডের উদ্বোধন উপলক্ষে উক্ত বাল্কেটবল গ্রাউন্ডে প্রীতি বাল্কেটবল প্রতিযোগীতা ২০১৮ আয়োজন করা হয়। উক্ত প্রতিযোগীতায় খুলনা নৌ অঞ্চলের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন।



চিত্রঃ বাল্কেটবল গ্রাউন্ডের উদ্বোধন

৩। সিও'স টক। গত ৩০ মে ২০১৮ তারিখে অত্র ঘাঁটিতে অধিনায়ক কর্তৃক সিও'স টক অনুষ্ঠিত হয়। উক্ত সিও'স টকে ঘাঁটির কর্তব্যরত কর্মকর্তা ব্যতীত সকল কর্মকর্তা, নাবিক ও বেসামরিক কর্মকর্তা, কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। উক্ত সিও'স টকে ঘাঁটির অধিনায়ক সকলের সুবিধা, অসুবিধার কথা শুনে ও বিভিন্ন বিষয়ে দিকনির্দেশনা প্রদান করেন।



চিত্রঃ সিও'স টক

বানৌজা শের-ই-বাংলা

১। বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ক্ল ইকোনমির প্রসার ও অত্র অঞ্চলের নিরাপত্তা প্রদানের জন্য মাননীয় প্রধানমন্ত্রী পটুয়াখালীস্থ কলাপাড়া উপজেলার উত্তর লালুয়া ইউনিয়নে আন্দানমানিক নদীর তীরে বানৌজা শের-ই-বাংলার ভিত্তি প্রস্তর ১৯ নভেম্বর ২০১৩ তারিখে স্থাপন করেন। তারই ধারাবাহিকতায় ১ম পর্যায় ১৯৩.৪৫ একর জমি অধিগ্রহণ করা হয়। পূর্নাজ্ঞ নেভাল কমান্ড গঠনের লক্ষ্যে আরও ৬২০.৯২ একর জমি অধিগ্রহণের পরিকল্পনা রয়েছে। উক্ত অধিগ্রহণের কাজ প্রক্রিয়াধীন রয়েছে। বানৌজা শের-ই-বাংলা ঘাঁটি নির্মাণের জন্য উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) একনেক এ অনুমোদিত হয়। বানৌজা শের-ই-বাংলা পটুয়াখালী স্থাপন শীর্ষক প্রকল্পটি ৩.৫ বছরের প্রকল্প যা জানুয়ারী ২০১৮ থেকে আরম্ভ হয়েছে। ভূমি উন্নয়ন, রোড নেটওয়ার্ক ও সয়েল টেস্ট এর কাজ চলমান রয়েছে যা ডিপিপি এর অন্তর্ভুক্ত। ইতোমধ্যে ৬৫% ভূমি উন্নয়নের কাজ সম্পন্ন হয়েছে। ডিপিপি ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের রাজস্ব বাজেট থেকে নিম্নবর্ণিত ০২ টি পূর্ত কাজ চলমান রয়েছেঃ

- ক। টিনশেড ব্যারাক নির্মাণ।
- খ। কাঁটাতারের বেড়া নির্মাণ।



চিত্রঃ DYKE PROTECTION WORK.